গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

জরুরি
অতি গোপনীয়

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৩.১৯.৪০৯

তারিখ: ১৭ বৈশাখ ১৪২৮
৩০ এপ্রিল ২০২১

বিষয়: **চট্টগ্রাম সাইলোতে সড়ক পথে ৫০ কেজি ধারণক্ষম ৪,৫০,০০০ পিস খালি বস্তার চলাচলসূচি**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ও রাজশাহী বিভাগের ২২/০৪/২০২১ খ্রি. তারিখের সাপ্তাহিক মজুত প্রতিবেদন অনুযায়ী খাদ্য অধিদপ্তরের যেসকল স্থাপনায় ৫০ কেজি ধারণক্ষম খালিবস্তার অতিরিক্ত মজুত রয়েছে সেসকল স্থাপনা হতে চট্টগ্রাম সাইলোতে বস্তার চাহিদা পূরণের লক্ষ্যে সাশ্রয়ী রুট বিবেচনায় রাজশাহী বিভাগ হতে ১,৫০,০০০ পিস এবং ঢাকা বিভাগ হতে ৩,০০,০০০ পিস সহ মোট ৪,৫০,০০০ পিস ৫০ কেজি ধারণক্ষম খালি বস্তার চলাচলসূচি নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের শর্তে নির্দেশক্রমে জারি করা হলো।

| ক্র. নং | প্রেরক জেলা | প্রেরণ কেন্দ্র | প্রাপক জেলা | প্রাপক কেন্দ্র | ৫০ কেজি ধারণক্ষম খালিবস্তা (পিস) | রুট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | জয়পুরহাট | কালাই এলএসডি | চট্টগ্রাম | চট্টগ্রাম সাইলো | ১০০০০০ | সড়ক পথ | চসসা বিভাগ উপসূচি জারি করবেন |
| ২. | নওগাঁ | আত্রাই এলএসডি | ঐ | ঐ | ৫০০০০ | ঐ | |
| ৩. | রাজবাড়ী | পাংশা এলএসডি | ঐ | ঐ | ৫০০০০ | ঐ | |
| ৪. | ঐ | রাজবাড়ী এলএসডি | ঐ | ঐ | ৫০০০০ | ঐ | |
| ৫. | ফরিদপুর | অম্বিকাপুর এলএসডি | ঐ | ঐ | ৫০০০০ | ঐ | |
| ৬. | ঐ | বোয়ালমারী এলএসডি | ঐ | ঐ | ৫০০০০ | ঐ | |
| ৭. | ঢাকা | পোস্তগোলা সরকারি আধুনিক ময়দা মিল | ঐ | ঐ | ১০০০০০ | ঐ | |
| | | | | মোট = | ৪,৫০,০০০ | | |

**<u>নির্দেশনাসমূহ:</u>**

১। এই সূচি বাস্তবায়নের ক্ষেত্রে খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচলসূচি প্রণয়ন নীতিমালা ২০০৮ অনুসরণ করতে হবে।

২। 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর কর্তৃক স্বাক্ষরিত ১১/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন এবং 'এলএসডি'র/সিএসডি'র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত জরুরি নির্দেশনা' বিষয়ক ১৮/০৪/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৩৫৪ নং স্মারকের পত্র কঠোরভাবে অনুসরণ করতে হবে;

৩। ভি-ইনভয়েসে বস্তার গুণগতমান ও ধরণ সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৪। সূচির বিপরীতে প্রেরিতব্য বস্তা সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক / উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরি)/ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক যাচাইকৃত হতে হবে;

৫। চলাচলসূচির আওতায় কোন ছেঁড়া/ফাটা বস্তা প্রেরণ করা যাবে না। প্রতিটি ট্রাক-এ প্রেরিত বস্তার রিপোর্ট ও নমুনা অবশ্যই যৌথ স্বাক্ষরে সিলগালা করে ঠিকাদার/প্রতিনিধির নিকট দিতে হবে। পরিবহণকৃত বস্তার সাথে নমুনার মিল না থাকলে কিংবা পথিমধ্যে খাদ্যশস্য ও বস্তা পরিবর্তন করে প্রাপক কেন্দ্রে আনা হলে সংশ্লিষ্ট ঠিকাদার দায়ী থাকবেন এবং দায়ী ঠিকাদারের বিরুদ্ধে চুক্তিপত্র মোতাবেক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে;

৬। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রযোজ্য ক্ষেত্রে (সাইলো অধীক্ষক/জেখানি/চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/এসএমও/উখানি/ভাকক) বস্তা পরিবহণ, বোঝাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম হলে বা সমস্যার উদ্ভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে ত্বরিত অবহিত করবেন;

৭। বস্তা প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাবেন এবং এ বিষয়ে  সংশ্লিষ্ট কর্মকর্তাগণ (সাইলো অধীক্ষক/জেখানি/চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/এসএমও/উখানি/ভাকক) সজাগ দৃষ্টি রাখবেন।

৮। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই অবিলম্বে প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ফ্যাক্স/ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে;

৯। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপক কেন্দ্র বস্তা বুঝে নিবেন এবং সূচি অনুযায়ী ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) ফ্যাক্সযোগে সূচি প্রণয়নকারী কর্তৃপক্ষ ও ডিডিও এর নিকট প্রেরণ করবেন;

১০। এ সূচি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্ত জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন;

১১। এ সূচির মেয়াদ ০৯/০৫/২০২১ খ্রি. তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।

১২। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রযোজ্য ক্ষেত্রে চুক্তিপত্র মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। অপরিবাহিত বস্তা জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি অথবা বোঝাইকেন্দ্রে পরিবহণযানসহ উপস্থিত আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা হবে;

১৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮/০৬/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং

স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক এই সূচি, উপসূচি, ডিআরটিসি সূচি Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে জারি করতে হবে।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

৩০-৪-২০২১
মোঃ ফজলে রাব্বী হায়দার
উপপরিচালক

প্রাপক :
১) প্রধান মিলার, পোস্তগোলা সরকারি আধুনিক ময়দা মিল, ঢাকা
২) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী
৩) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা
৪) জেলা খাদ্য নিয়ন্ত্রক, জয়পুরহাট, রাজশাহী
৫) জেলা খাদ্য নিয়ন্ত্রক, নওগাঁ, রাজশাহী
৬) জেলা খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা
৭) জেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজবাড়ী
৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক, ফরিদপুর, ঢাকা

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৩.১৯.৪০৯/১(৮)

তারিখ: ১৭ বৈশাখ ১৪২৮
৩০ এপ্রিল ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:
১) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর
২) অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
৪) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
৫) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
৬) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম
৭) সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো
৮) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)

৩০-৪-২০২১
মোঃ ফজলে রাব্বী হায়দার
উপপরিচালক